

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
শাহজাদপুর সরকারি কলেজ  
শাহজাদপুর, সিরাজগঞ্জ।



[www.shahzadpurgovtcollege.com](http://www.shahzadpurgovtcollege.com)  
E-Mail Address : [shahzadpur.govt.college@gmail.com](mailto:shahzadpur.govt.college@gmail.com)  
টেলিফোন নম্বর : ০৭৫২৭-৬৪০৪০/ ০৭৫২৭-৬৪৫১৭

**বিজ্ঞপ্তি : তারিখ- ১০/০৩/২০২০ খ্রিঃ**


কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক, স্নাতক পাস ও স্নাতক সম্মান শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ইমদাত-সিরাত খান ফাউন্ডেশন কর্তৃক বৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। যে সকল শিক্ষার্থী উক্ত বৃত্তি প্রাপ্তির জন্য আবেদন করতে ইচ্ছুক তাদেরকে ওয়েব সাইটে ([www.spaandanb.org](http://www.spaandanb.org)) হতে ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণপূর্বক আগামী ২২ মার্চ ২০২০ তারিখের মধ্যে চেয়ারম্যান, ইমদাত-সিরাত খান বৃত্তি নির্বাচন কমিটি, ৩০২, মিরপুর রোড, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ ঠিকানায় (কুরিয়ার/ডাকযোগে/সরাসরি অফিসে) প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

আবেদনের যোগ্যতা (উচ্চ মাধ্যমিক পর্যায়): বিজ্ঞান বিভাগের জন্য ৪র্থ বিষয় ছাড়া জিপিএ ৫, বানিজ্য বিভাগের জন্য ৪র্থ বিষয় ছাড়া জিপিএ ৪.৫ এবং মানবিক বিভাগের জন্য ৪র্থ বিষয় ছাড়া জিপিএ ৪.২৫ থাকতে হবে।

আবেদনের যোগ্যতা (স্নাতক পর্যায়): এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ৪র্থ বিষয় ছাড়া বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য নূন্যতম জিপিএ ৯.৫ এবং অন্যান্য বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য নূন্যতম জিপিএ ৯.০ থাকতে হবে।

**যে সব তথ্য আবেদন পত্রের সাথে অবশ্যই যুক্ত করতে হবে:**

১. বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের প্রমাণপত্র/প্রত্যয়নপত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান/হল সুপার/প্রভোস্ট কর্তৃক সত্যায়িত)।
২. পরীক্ষা পাশের (সকল) মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি (অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক সত্যায়িত)।
৩. সাম্প্রতিক তোলা ২ কপি পাসপোর্ট সাইজ ছবি (অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক সত্যায়িত)।
৪. আবেদনকারী কেন নিজেই এই বৃত্তির যোগ্য মনে করেন ৩০০ (শব্দের কম নয়)- ৪০০ (শব্দের বেশি নয়) শব্দে তার বর্ণনা স্বহস্তে বাংলায় লিখিত)।
৫. পাঠ্যক্রম বর্হিভূত কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকলে প্রমাণপত্র/প্রত্যয়নপত্র এর ফটোকপি (অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক সত্যায়িত)।
৬. প্রার্থীর প্রদানকৃত তথ্যে কোন রকম অসঙ্গতি পাওয়া গেলে আবেদন বাতিল করা হবে।

  
১০.৩.২০২০  
(প্রফেসর ড.মোঃ আবদুস ছাত্তার)  
অধ্যক্ষ  
শাহজাদপুর সরকারি কলেজ  
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপাধ্যক্ষ, শাহজাদপুর সরকারি কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ২। অফিস নথি।